গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
গেজেটেড (প্রশাসন-১) শাখা
আগারগাঁও, ঢাকা
ww.dss.gov.bd

স্মারক নম্বর- ৪১.০১.০০০০.০০৮.০২.০০১.২৩ ৫৫৫

তারিখ: ২৬ আষাঢ় ১৪৩৩ / ০৭ জুলাই ২০২৬

বিষয়: ব্লাড ক্যান্সার (লিম্ফোমা)-এর চিকিৎসা জনিত কারণে আর্থিক সাহায্যের আবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে উল্লেখ করা যাচ্ছে যে, জনাব মুহাম্মদ আবদুল্লাহ আল মামুন, সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) সমাজসেবা অধিদপ্তর, ঢাকা এর ব্লাড ক্যান্সার (লিম্ফোমা)-এ আক্রান্ত হয়ে ঢাকাস্থ এভার কেয়ার হাসপাতালে গত ১১-০৬-২০২৬ তারিখ হতে চিকিৎসাধীন। বর্তমানে তাঁর কেমোথেরাপি চিকিৎসা চলমান রয়েছে। চিকিৎসকগণ জানিয়েছেন যে, সুস্থ হওয়ার জন্য তাঁর বোন ম্যারো ট্রান্সপ্লান্ট (Bone Marrow Transplant) করা অত্যাবশ্যক। ইতোমধ্যে তাঁর চিকিৎসা বাবদ প্রায় ২০ (বিশ) লক্ষ টাকারও অধিক ব্যয় হয়েছে। চিকিৎসকগণের পরামর্শ অনুযায়ী বাংলাদেশ অথবা প্রয়োজনবোধে বিদেশে বোন ম্যারো ট্রান্সপ্লান্টসহ পরবর্তী চিকিৎসা সম্পন্ন করতে আনুমানিক ৬০ (ষাট) লক্ষ টাকা ব্যয় হতে পারে। কিন্তু এত বিপুল পরিমাণ অর্থ ব্যয় করার মতো আর্থিক সামর্থ্য তাঁর ও তাঁর পরিবারের নেই। বিধায় তিনি সমাজসেবা অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণের নিকট আর্থিক সহায়তা চেয়ে আবেদন করেছেন।

এমতাবস্থায়, জনাব মুহাম্মদ আবদুল্লাহ আল মামুন, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা-কে আর্থিক সাহায্য প্রদানের জন্য সমাজসেবা অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণকে নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলো।

তার ব্যাংক হিসাব ও বিকাশ/নগদ নাম্বার প্রদান করা হলো:

হিসাবের নাম: NAZNEEN SULTANA
সঞ্চয়ী হিসাব নম্বর: ০৮৫২১০১১১৭৫২৭৮
ব্যাংক: পূবালী ব্যাংক লিমিটেড, কমলাপুর রেলওয়ে স্টেশন ব্রাঞ্চ, ঢাকা
বিকাশ: ০১৭৫৬৯২৭২৭২

০৭.০৭.২০২৬

মোঃ সাইফুল ইসলাম
উপসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন- ০২-৫৫০০৭০২২
director-admin@dss.gov.bd

পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)।

স্মারক নম্বর- ৪১.০১.০০০০.০০৮.০২.০০১.২৩.৫৫৫(০৬)

তারিখ: ২৬ আষাঢ় ১৪৩৩ / ০৭ জুলাই ২০২৬

অবগতি/অবগিত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক (কার্যক্রম/ প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা/পরিকল্পনা ও উন্নয়ন/শিশু সুরক্ষা), সমাজসেবা অধিদপ্তর, ঢাক;
২. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল);
৩. জনাব মুহাম্মদ আবদুল্লাহ আল মামুন, সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা;
৪. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ];
৫. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
৬. অফিস কপি।

০৭/০৭/২৬

মোঃ রবিউল করিম
উপপরিচালক (প্রশাসন)